

ছায়া সিডিসি

৩৭-৪৩ ৭৭ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক ১১৩৭২, ৭১৮-৪৭৮-৩৮৪৮

ফোরক্লোসার জালিয়াতি (রেস্কিউ স্ক্যাম) থেকে সাবধান!

ফোরক্লোসার রেস্কিউ বলে বেশ কিছু ধরনের জালিয়াতি আছে যার মাধ্যমে জালিয়াতরা বিপদগ্রস্ত বাড়ির মালিকদের সন্কটের সুযোগ নিয়ে থাকে। এসব "রেস্কিউ" অফার দেখে মনে হতে পারে বৈধ বা সত্য; বিপদের সময় এ ধরনের অফার উপকারি মনে হতেই পারে। কিন্তু বাস্তবে জালিয়াতরা বাড়ি ওয়ালাদের সন্কটের সুযোগ নিয়ে তাদের নিঃস্ব করে ছাড়ে।

বাড়ির মালিকদের অবস্থার উপর ভিত্তি করে জালিয়াতরা একেক বাড়ির ওয়ালার সাথে একেক ধরনের প্রতারণা বা স্ক্যাম করতে পারে। এর ফলে বাড়ির ওয়ালার বাড়ি তো হারানই, উপরন্তু তারা হারাতে পারেন তাদের ডাউনপেমেন্ট এবং জমানো টাকা। প্রতারণার কিছু কিছু চিহ্ন নীচে তুলে ধরা হল যা দেখে সাবধান হওয়া উচিতঃ

- ❖ অযাচিত বা অচেনা লোক বা ব্যবসায়িক প্রতিষ্ঠান থেকে ফোরক্লোসার থেকে উদ্ধার পাওয়ার জন্য ফোন, চিঠি বা ফ্লায়ার পাওয়া (solicitation)। কখনও কখনও এরা বাড়ি এসেও হয়রানী করতে পারে
- ❖ বাড়ির দলিল অন্য কারো নামে সই করে দেওয়ার প্রস্তাব দেয়া। কখনও কখনও জালিয়াতরা বলে থাকে যে দলিল লিখে দেয়া হবে সাময়িকভাবে কিন্তু বাস্তবে বাড়ির মালিক তার বাড়ি হারান।
- ❖ খালি কাগজে সই করতে বলা
- ❖ মিথ্যে তথ্য দিয়ে ডকুমেন্ট তৈরী করে তাতে সই করতে বলা
- ❖ জটিল এবং বিভ্রান্তিকর কোনো চুক্তিতে ঢোকানোর প্রস্তাব দেয়া
- ❖ ট্যাক্স রিফান্ড বা ট্যাক্স রিবেটের চেকের বদলে ফোরক্লোসার থেকে উদ্ধার পাওয়ার প্রস্তাব দেয়া

আপনি যদি মর্টগেজ নিয়ে সমস্যায় পড়েন বা ফোরক্লোসারের সম্মুখীন হন তাহলে আপনার উচিত কোনো বিশ্বস্ত এনজিওর হাউজিং কাউন্সিলারের সাথে যোগাযোগ করা। ফোরক্লোসার ক্রাইসিসের কারণে সিটি, স্টেট এবং নানান ধরনের ফেডারেল ষ্ট্রাকচারের ব্যবস্থা করা হচ্ছে। সময় নষ্ট না করে ছায়া সিডিসির সাথে এখনই যোগাযোগ করুন এবং ফোরক্লোসার থেকে কিভাবে রক্ষা পাওয়া যেতে পারে তা জানুন।

ছায়া সিডিসি একটি কমিউনিটি ভিত্তিক এনজিও যারা বিনামূল্যে বসতি অধিকার, বাড়ির মালিকানা বিষয়ে সচেতনতা বৃদ্ধি এবং যাবতীয় সামাজিক সার্ভিসের জন্য রেফারাল দিয়ে থাকে। ফোরক্লোসার প্রতিরোধ ও অন্যান্য ফ্রী সার্ভিস এবং আরো তথ্যের জন্য যোগাযোগ করুনঃ

www.chhayacdc.org / ৭১৮.৪৭৮.৩৮৪৮ / info@chhayacdc.org